

যুগান্তর

তারিখ: ১৯/০৬/০২
পৃষ্ঠা: ৮

NOV 19 2002

তদন্ত কমিটি রিপোর্ট দেয়ার পর ঢাবি খুলে দেয়া হবে

শিক্ষামন্ত্রী

বিবিসি

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন
ঢাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪।

ঢাবি : খুলে দেয়া (১ম পৃষ্ঠার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশের প্রবেশের ব্যাপারে যে বিচার বিভাগীয় তদন্ত কমিটি হয়েছে, তার কাজ শেষ হওয়ার পরই বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার চিন্তাভাবনা করা হবে। গতকাল বিবিসিকে তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় খোলা না খোলা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। তবে ওই কর্তৃপক্ষ সরকারের সঙ্গে পরামর্শ করতে পারে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যে একাডেমিক, কাউন্সিল ও বিভিন্ন বোর্ড রয়েছে, তারা ক্যাম্পাসের পরিবেশ মূল্যায়ন শেষে সিদ্ধান্ত নেবেন বিশ্ববিদ্যালয় খোলার উপযুক্ত পরিবেশ হয়েছে কিনা। এ ব্যাপারে তাদের ভূমিকাই মুখ্য তবে এখন তারা সর্বসম্মত তদন্ত রিপোর্টের জন্য অপেক্ষা করছেন বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন, তদন্ত রিপোর্ট পাওয়ার পর মাদের দায়ী করা হবে, তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বা সরকারকে ব্যবস্থা নিতে হতে পারে। কাজেই এসব বিষয়ের ফয়সালা হওয়ার পর বিশ্ববিদ্যালয় খোলাই ভাল। শিক্ষামন্ত্রী বলেন, তদন্ত কমিটি যে রিপোর্ট দেবে, তার ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে। তবে রিপোর্ট সম্পূর্ণ প্রকাশ করা হবে কিনা তা তিনি বলতে পারছেন না বলে জানান।